তারিখ 13 JUL 2016
পৃষ্ঠা ৬ কলাম ৭

কালের কণ্ঠ

# সাভারে 'অপহৃত' মাদ্রাসা শিক্ষিকা

## ১৫ দিন নিখোঁজ দিনমজুর

**নিজস্ব প্রতিবেদক, সাভার (ঢাকা)** ▷ সাভার থেকে এক মাদ্রাসা শিক্ষিকাকে অপহরণের পর তাঁর পরিবারের কাছে চার লাখ টাকা মুক্তিপণ দাবি করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। গত সোমবার সকালে এ ঘটনা ঘটে। এ ছাড়া মঙ্গল হোসেন নামের এক দিনমজুর গত ১৫ দিন ধরে নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছে তাঁর পরিবার।

অপহৃত মাদ্রাসা শিক্ষিকার ভাই জানান, তাঁর বোন স্থানীয় একটি মাদ্রাসায় শিক্ষিকা হিসেবে চাকরি করে আসছিলেন। সোমবার সকালে মাদ্রাসা থেকে বাসায় ফেরার সময় তাঁর বোনকে অপহরণ করা হয়। পরে মুঠোফোনে তাঁদের পরিবারের কাছে চার লাখ টাকা মুক্তিপণ দাবি করে অপহরণকারীরা। সময়মতো টাকা না দিলে তাঁকে হত্যা করে লাশ গুম করা হবে বলেও হুমকি দেওয়া হয়েছে। বিষয়টি পুলিশকে জানানো হলে মঙ্গলবার বিকেলে তারা ঘটনাটি সাধারণ ডায়েরি হিসেবে নথিভুক্ত করে।

অপহৃত শিক্ষিকার দুলাভাই মাদ্রাসার অধ্যক্ষ জানান, বাসায় ফেরার পথে তাঁকে তুলে নিয়ে যায় অপহরণকারীরা। কিন্তু পুলিশ বিষয়টি চেপে গিয়ে নিখোঁজের ডায়েরি করার পরামর্শ দিয়ে তাঁকে উদ্ধার করার আশ্বাস দিয়েছে। ঘটনার ২৪ ঘণ্টা পার হয়ে গেলেও তাঁর কোনো সন্ধান দিতে পারেনি পুলিশ।

সাভার মডেল থানার উপপরিদর্শক (এসআই) মিজানুর রহমান বলেন, এটা কোনো অপহরণের ঘটনা নয়। মেয়েটি নিজেই জোবায়ের হোসেন নামের একটি ছেলের সঙ্গে চলে গেছেন। তবে পরিবারের পক্ষ থেকে সাধারণ ডায়েরি করায় তাঁকে ফিরিয়ে আনতে চেষ্টা চালাচ্ছে পুলিশ।

অন্যদিকে প্রায় ১৬ দিন ধরে মঙ্গল হোসেন নামের (৩৭) এক দিনমজুর নিখোঁজ রয়েছেন। এ ঘটনায় সাভার মডেল থানায় গত সোমবার একটি সাধারণ ডায়েরি করা হয়েছে।

নিখোঁজ দিনমজুরের বড় ভাই আজিজুর রহমান জানান, গত ২৮ জুন তাঁর ছোট ভাই মঙ্গল হোসেন ফিরিঙ্গিকান্দা এলাকায় নিজ বাড়ির পাশ থেকে নিখোঁজ হন। এরপর থেকে তাঁর ব্যবহৃত মোবাইল ফোনসেটটি বন্ধ রয়েছে। সম্ভাব্য বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেও তাঁর সন্ধান না পাওয়ায় গত সোমবার সাভার মডেল থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। নিখোঁজের ১৫ দিন পরেও তাঁর কোনো সন্ধান না পাওয়ায় তাঁদের পরিবারের মধ্যে আতঙ্ক দেখা দিয়েছে। তাঁর স্ত্রী ও দুটি সন্তান রয়েছে।

শিক্ষিকা অপহরণ ও দিনমজুর নিখোঁজের বিষয়ে জানতে চাইলে সাভার মডেল থানার ওসি এস এম কামরুজ্জামান বলেন, ঘটনা দুটি খতিয়ে দেখা হচ্ছে।